

জে এস সি পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

বিষয় : বাংলা ২য় পত্র (রচনামূলক)

সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান— ৩০

[ দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়। ]

১. ক) সারাংশ লেখ :

৫

সূর্যের আলোতে রাতের অন্ধকার কেটে যায়। শিক্ষার আলো আমাদের অজ্ঞতার অন্ধকার দূর করে। আমাদের দৃষ্টিতে চারপাশের জগৎ আরও সুন্দর হয়ে ওঠে। আমরা জীবনের নতুন অর্থ খুঁজে পাই, শিক্ষার আলো পেয়ে আমাদের ভেতরের মানুষটি জেগে উঠে। আমরা বড় হতে চাই, বড় হওয়ার জন্য চেষ্টা করি। আমরা সুন্দর করে বাঁচতে চাই, বাঁচার মত বাঁচতে চাই। আর সুন্দর করে বাঁচতে হলে চাই জ্ঞান। সেই জ্ঞানকে কাজে লাগাতে চাই। শিক্ষার ফলে আমাদের ভেতর যে শক্তি লুকানো থাকে তা ধীরে ধীরে জেগে ওঠে। আমরা মানুষ হয়ে উঠি।

অথবা,

খ) সারমর্ম লেখ :

হে সূর্য! শীতের সূর্য!

হিমশীতল সুদীর্ঘ রাত তোমার প্রতীক্ষায়

আমরা থাকি

যেমন প্রতীক্ষা করে থাকে কৃষকের চঞ্চল চোখ

ধান কাটার রোমাঞ্চকর দিনগুলির জন্যে।

হে সূর্য, তুমি তো জানো,

আমাদের গরম কাপড়ের কত অভাব।

সারা রাত খড়কুটো জ্বালিয়ে

এক টুকরো কাপড়ে কান ঢেকে,

কত কষ্টে আমরা শীত আটকাই।

সকালের এক টুকরো রোদ্দুর—

এক টুকরো সোনার চেয়েও মনে হয় দামি।

২. যে কোন একটি ভাব-সম্প্রসারণ কর :

৫

ক) একতাই বল।

খ) বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণ কর

অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

৩. ক) অনুচ্ছেদ লেখ :  
স্বাস্থ্যই সম্পদ ।

৫

অথবা,

খ) মুক্তি বলল স্যার বলেছেন আজ ক্লাসে তিনি রবীন্দ্রনাথের ছেলেবেলা নিয়ে গল্প শোনাবেন  
আমি বললাম তিনি কি কোনো বই পড়ে আসতে বলেছিলেন  
মুক্তি বলল তুমি গত ক্লাসে আসনি কেন ক্লাস না করলে কত কথা জানা যায় না বুঝেছ—

- ক) বিরাম চিহ্ন কাকে বলে? ১  
খ) বিরাম চিহ্ন ব্যবহারের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর । ১  
গ) বাক্যের শেষে ব্যবহৃত বিরাম চিহ্নগুলো দিয়ে একটি করে বাক্য গঠন কর । ১  
ঘ) উপরের অনুচ্ছেদটিতে যথাযথ স্থানে বিরাম চিহ্নের সঠিক প্রয়োগ দেখাও । ২
৪. ক) কম্পিউটার শিক্ষার গুরুত্ব বর্ণনা করে তোমার ছোট বোন পৃথাকে একটি চিঠি লেখ । ৫

অথবা,

খ) মনে কর তোমার বাবা সরকারী স্কুলে শিক্ষকতা করেন । সম্প্রতি তাঁকে বদলি করা হয়েছে । তাই তোমাকেও তাঁর সাথে চলে যেতে হবে । এজন্য তোমার স্কুলের প্রধান শিক্ষকের কাছে ছাড়পত্র চেয়ে আবেদন কর ।

৫. যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ১০

- ক) অধ্যবসায় : [ সংকেত : সূচনা, অধ্যবসায় কী, অধ্যবসায়ের প্রয়োজনীয়তা, ছাত্রজীবনে অধ্যবসায়, অধ্যবসায় ও প্রতিভা, অধ্যবসায়ের উদাহরণ, উপসংহার ]
- খ) স্বদেশপ্রেম : [ সংকেত : সূচনা, স্বদেশপ্রেমের সংজ্ঞা, স্বদেশপ্রেমের স্বরূপ, স্বদেশপ্রেমের অনুভূতি, ছাত্রজীবনে স্বদেশপ্রেম, বাঙালি জাতির স্বদেশপ্রেম, স্বদেশপ্রেম ও বিশ্বপ্রেম, উপসংহার ]
- গ) পাঠাগারের প্রয়োজনীয়তা : [সংকেত : সূচনা, পাঠাগার কী, পাঠাগারের ইতিহাস, পাঠাগারের বিকাশ, পাঠাগারের শ্রেণিবিভাগ, পাঠাগারের প্রয়োজনীয়তা, উপসংহার ]

[ উত্তরপত্রের সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও ]

১. মাতৃভাষার বিবেচনায় সারা বিশ্বে বাংলা ভাষার স্থান কোথায়?  
ক) দ্বিতীয় স্থান খ) তৃতীয় স্থান  
গ) পঞ্চম স্থান ঘ) চতুর্থ স্থান
২. আত্মবাচক সর্বনাম পদ কোনটি?  
ক) আমি, আমরা, তুমি খ) এই, এরা  
গ) স্বয়ং নিজ ঘ) সে, তারা, নিজ
৩. ভাবের বাহন কী?  
ক) ভাষা খ) সাহিত্য  
গ) চলিত ও আঞ্চলিক ঘ) আঞ্চলিক ও আন্তর্জাতিক
৪. বাংলা ভাষার চলিত রীতির বিশেষ বৈশিষ্ট্য কোনটি?  
ক) কাঠামো অপরিবর্তনীয় খ) পদবিন্যাস সুনির্দিষ্ট  
গ) আভিজাত্যপূর্ণ ঘ) কৃত্রিমতাবর্জিত
৫. 'ডুবুরি' কোন জাতীয় শব্দ?  
ক) যৌগিক শব্দ খ) মৌলিক শব্দ  
গ) মিশ্রশব্দ ঘ) সাধিত শব্দ
৬. 'তোমরা হয়তো' গীতাঞ্জলি পড়ে থাকবে—এটি কোন ক্রিয়াপদ?  
ক) সাধারণ ভবিষ্যৎ খ) বর্তমান ভবিষ্যৎ  
গ) পুরাঘটিত ভবিষ্যৎ ঘ) পুরাঘটিত অতীত
৭. ভোজন গমন, করা ইত্যাদি কোন প্রকারের বিশেষ্যের উদাহরণ?  
ক) সংজ্ঞাবাচক খ) ভাববাচক  
গ) গুণবাচক ঘ) সমষ্টিবাচক
৮. বাটাছেলে > মেয়েছেলে— এখানে লিঙ্গান্তরের কোন সূত্রটি প্রযোজ্য হবে?  
ক) ভিন্ন শব্দ প্রয়োগে খ) 'ই' প্রত্যয় যোগে  
গ) 'ঈ' প্রত্যয় যোগে ঘ) স্ত্রীবাচক শব্দ প্রয়োগে
৯. তারিখ লিখতে বার ও মাসের পর কোন চিহ্ন বসে?  
ক) দাঁড়ি খ) ইলেক  
গ) কমা ঘ) সেমিকোলন
১০. 'গ্রন্থ' শব্দের বহুবচন কোনটি?  
ক) গ্রন্থরাজি খ) গ্রন্থসমূহ  
গ) গ্রন্থসমূহ ঘ) অনেক গ্রন্থ
১১. কোন বাগধারাটির অর্থ নিলজ্জ?  
ক) ঠোট কাটা খ) কান কুটা  
গ) জিলাপীর প্যাঁচ ঘ) চিনির বলাদ
১২. "তার ধন আছে কিন্তু বিদ্যা নেই"— গঠন অনুযায়ী বাক্যটি কোন শ্রেণির?  
ক) সরল খ) যৌগিক  
গ) মিশ্র ঘ) জটিল
১৩. 'সঙ্গীত' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?  
ক) সং + গীত খ) সঙ্গ + গীত  
গ) সম্ + গীত ঘ) সম্ + গিতি
১৪. ভবিষ্যৎকালের অনুজ্ঞার মধ্যম পুরুষের তুচ্ছার্থে ব্যবহৃত বিভক্তি রূপ কোনটি?  
ক) ও খ) বৈ গ) স ঘ) এণ
১৫. অভিধানে যে শব্দের অর্থ দেয়া হতো তাকে কী বলে?  
ক) ভূক্তিপদ খ) শীঘ্রপদ  
গ) মূল শব্দ ঘ) বর্ণনাক্রম
১৬. সম্বোধন পদ বাক্যে কোথায় বসে?  
ক) বাক্যের প্রথমে খ) বাক্যের মাঝামাঝি  
গ) বাক্যের শেষে ঘ) কোনো ধরাবাধা নিয়ম নেই
১৭. অর্ণব' এর সমার্থক শব্দ কোনটি?  
ক) সৈকত খ) সমুদ্র  
গ) শৈল ঘ) সুধাংশু
১৮. ব্যঞ্জনবর্ণের 'ফলা' চিহ্ন কয়টি?  
ক) ৫টি খ) ৬টি গ) ৪টি ঘ) ৩টি
১৯. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?  
ক) দুটি খ) সাতটি  
গ) এগারটি ঘ) পঁচিশটি
২০. স্বত্ব বিধানের নিয়মানুসারে রেফ ( ' ) এর পরে মূধ্য-স হয় এ নিয়মের ব্যতিক্রম কোনটি?  
ক) পরামর্শ খ) মহর্ষি  
গ) বিমর্ষ ঘ) বর্ষন